

💵 মানহাজ (আল-আজবিবাতুল মুফীদাহ)

বিভাগ/অধ্যায়ঃ নিত্য নতুন মানহাজ সম্পর্কিত বিভিন্ন প্রশ্নের উপকারী জবাব রচয়িতা/সঙ্কলকঃ শাইখ ড. ছলিহ ইবনে ফাওযান আল ফাওযান

প্রশ্ন-৭ : বিভিন্ন জামাত বা দল সম্পর্কে আপনার মতামত কী?

উত্তর : যে দলই আহলুস সুন্নাহ ওয়াল জামাতের বিরুদ্ধাচরণ করে তার প্রত্যেকটিই বিপথগামী দল। আমাদের জামাত শুধু একটিই। তা হলো আহলুস সুন্নাহ ওয়াল জামাত।[1]

যে ব্যক্তিই এই জামাতের বিরোধিতা করবে সে রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর মানহাজের বিরোধিতাকারী বলে বিবেচিত হবে। আমরা আরো বলবো আহলুস সুন্নাহ ওয়াল জামাত বিরোধী প্রত্যেক ব্যক্তিই প্রবৃত্তিপূজারী ও বিপথগামী। তাদের ভ্রম্ভতা ও কুফরী এবং ইসলাম থেকে দূরবর্তিতা ও নিকটবর্তিতার ভিত্তিতে (التخفير) পথভ্রম্ভ বলা বা (التخفير) কাফির বলার বিধানে তারতম্য ঘটে।

[1]. তারাই হলো আত-ত্বায়িফাহ আল মানছুরাহ; আল ফিরকা আন নাজিয়া, আহলুল হাদীছ, তারাই আহলুল আছার, তারাই সালাফী। পূর্ববর্তী ও পরবর্তী অসংখ্য আলিম এমত ব্যক্ত করেছেন। বিশেষত চার ইমাম এবং তাদেরও সমপর্যায়ের আলিমগণ। মুসলিমদের এক অভিন্ন জামাতের বিরোধী এ সকল দলকে জামাত বলা উচিত নয়; যা আমি ইতোপূর্বে উল্লেখ করেছি, আমাদের শায়খ বিস্তারিত বর্ণনা করেছেন। বরং এ দলগুলোকে ফিরাক/দল বা আহ্যাব/সংঘ বলা হবে।

Source — https://www.hadithbd.com/books/link/?id=13081

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন